সিনিয়র সিস্টেম এনালিষ্ট
◇ সিস্টেম এনালিষ্ট/সিনিয়র প্রোগ্রামার
◇ প্রোগ্রামার
◇ সহকারী প্রোগ্রামার
◇ সঃমোঃই-১/সঃমোঃই-২
◇ নথি
ডায়েরি নং
তারিখঃ 27/08/2020
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.rthd.gov.bd

নম্বর: ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৩.২০-৯২৮

তারিখ : ১১ ভাদ্র ১৪২৭ ~~শ্রাবণ ১৪২৬~~
২৮ আগস্ট ২০২০

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব সৈয়দ গিয়াস উদ্দিন (পরিচিতি নম্বর ৬০২২৯১), উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক উপ-বিভাগ-১, সাতক্ষীরা (বর্তমানে উপ-প্রকল্প ব্যবস্থাপক, ক্রস বর্ডার রোড নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট প্রজেক্ট), গত ১৬-০৩-২০১৬ হতে ১৬-০৯-২০১৮ তারিখ পর্যন্ত সাতক্ষীরা সড়ক উপ-বিভাগ-১ এ উপ-বিভাগীয় প্রকৌশলী (চঃদাঃ/নিয়মিত) হিসেবে কর্মরত থাকাকালীন অধিগ্রহণকৃত ভূমি অবমুক্তকরণ সংক্রান্ত রাষ্ট্রপতির কার্যালয়ের ০৮-৭-২০১৮ তারিখের ০১.০০.০০০০.০১১.৩২.০০৬.১৪-৭ নম্বর স্মারকের পত্রটি গত ৩১-০৭-২০১৮ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে প্রধান প্রকৌশলী (সওজ) এর দপ্তরে প্রেরণ করা হয়;

যেহেতু, রাষ্ট্রপতির কার্যালয়ের ঐ পত্রটি প্রধান প্রকৌশলী (সওজ) এর দপ্তর হতে গত ০৯-০৮-২০১৮ তারিখের এল,আর-৪১০ নং স্মারকের মাধ্যমে মতামত প্রদানের জন্য অতিরিক্ত প্রধান প্রকৌশলী, খুলনা জোন বরাবর প্রেরণ করা হয় এবং পত্রটি অতিরিক্ত প্রধান প্রকৌশলী, খুলনা জোন গত ২৭-০৮-২০১৮ তারিখে নির্বাহী প্রকৌশলী জনাব মোহাম্মদ মনজুরুল করিম এর নিকট প্রেরণ করেন। জনাব মনজুরুল করিম পত্রটি গ্রহণ করে একই তারিখে সাতক্ষীরা সড়ক উপ-বিভাগ-১ বরাবর প্রেরণ করেন;

যেহেতু, পত্রটি উপ-বিভাগীয় প্রকৌশলী, সাতক্ষীরা সড়ক উপ-বিভাগ-১, জনাব সৈয়দ গিয়াস উদ্দিন (পরিচিতি নম্বর ৬০২২৯১) এর দপ্তরে গৃহীত হওয়ার পর তাঁর কর্মকালীন (১৬-০৯-২০১৮ তারিখ) পর্যন্ত এতদসংশ্লিষ্ট বিষয়ে কোনো কার্যক্রম গ্রহণ না করে দীর্ঘদিন ফেলে রাখেন;

যেহেতু, পরবর্তীতে রাষ্ট্রপতির কার্যালয়ের পত্রের বিষয়টি স্থানীয় মাননীয় সংসদ সদস্যের মাধ্যমে অবগত হয়ে সাতক্ষীরা সড়ক বিভাগে ৩০-০৭-২০১৯ তারিখে যোগদানকৃত নির্বাহী প্রকৌশলী (সওজ) জনাব মীর নিজাম উদ্দিন আহমেদ জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা হতে তথ্য সংগ্রহ করেন। তথ্য প্রাপ্তির পর তিনি গত ০৮-০৯-২০১৯ তারিখে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা সড়ক সার্কেল বরাবর জবাব প্রেরণ করেন। প্রাথমিক তদন্তে প্রতীয়মান হয়েছে যে, সাতক্ষীরা সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলীর দপ্তরে গৃহীত হওয়ার পর হতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা সড়ক সার্কেলে প্রতিবেদন প্রেরণের জন্য ০১বছর ১১দিন সময় লাগে যা অনাকাঙ্ক্ষিত এবং কর্তব্য কাজে চরম গাফিলতি ও দায়িত্বহীনতার পরিচায়ক;

যেহেতু, রাষ্ট্রপতির কার্যালয় হতে ইস্যুকৃত গুরুত্বপূর্ণ একটি পত্র সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও প্রধান প্রকৌশলী (সওজ) এর দপ্তর হতে প্রেরিত হওয়ার পরও উক্ত পত্র নিষ্পত্তির ক্ষেত্রে তার এহেন কার্যকলাপ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ২(খ) বিধির পরিপন্থী এবং অসদাচরণ হিসেবে গণ্য;

অপর পৃষ্ঠার দ্রষ্টব্য-

যেহেতু, উক্ত কার্যকলাপ একই বিধিমালার ৩(খ) বিধি অনুযায়ী "অসাদচরণ" হওয়ায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ০৩/২০২০ রুজু করা হয়;

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক "চাকরি হতে বরখাস্ত" করা হবে না বা অন্য কোনো উপযুক্ত শাস্তি দেয়া হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোনো কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা বক্তব্যের সমর্থনে কোনো সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে ইচ্ছুক কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি গত ১৭-০৬-২০২০ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে গত ০৯.০৭.২০২০ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীর সময় প্রদত্ত বক্তব্য ও সংশ্লিষ্ট দলিল-দস্তাবেজ পর্যালোচনায় দেখা যায়, রাষ্ট্রপতির কার্যালয় হতে ইস্যুকৃত গুরুত্বপূর্ণ একটি পত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রাপ্তির পরও উক্ত পত্র নিষ্পত্তির ক্ষেত্রে চরম গাফিলতি ও দায়িত্বহীনতা রয়েছে মর্মে সুস্পষ্টভাবে প্রতীয়মান হয়েছে;

সেহেতু এক্ষণে, জনাব সৈয়দ গিয়াস উদ্দিন (পরিচিতি নম্বর ৬০২২৯১), উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক উপ-বিভাগ-১, সাতক্ষীরা (বর্তমানে উপ-প্রকল্প ব্যবস্থাপক, ক্রস বর্ডার রোড নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট প্রজেক্ট)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ক) মোতাবেক লঘু দন্ড হিসেবে তিরস্কার (censure) দন্ডে দন্ডিত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৩/৭/2020

(মোঃ নজরুল ইসলাম)
সচিব

পূর্ব পৃষ্ঠার পর-

নম্বর: ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৩.২০-১২৮/১(১৪)

তারিখ : ১১ ভাদ্র ১৪২৭
২৬ আগস্ট ২০২০

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার উক্ত কর্মকর্তার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)**
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯. উপসচিব (সওজ গেজেটেড ও সংস্থাপন শাখা), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, ঢাকা **(প্রজ্ঞাপনটি উক্ত কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)**
১০. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
১১. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)**
১২. জনাব সৈয়দ গিয়াস উদ্দিন (পরিচিতি নম্বর ৬০২২৯১), উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক উপ-বিভাগ-১, সাতক্ষীরা (বর্তমানে উপ-প্রকল্প ব্যবস্থাপক, ক্রস বর্ডার রোড নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট প্রজেক্ট, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা)
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)**
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

25/08/2020

(মোঃ দেলোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোন: ৪৭১২৪৩৬০